জীবননগরে চাকরি দেওয়ার নামে টাকা নিয়ে উধাও সাবেক সেনা সদস্য

জীবননগরে চাকরি দেওয়ার নাম করে ভুয়া যোগদান পত্র দিয়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে সাবেক সেনা সদস্য শাহাবুল হোসেনের বিরুদ্ধে।

ঘটনা ঘটেছে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া গ্রামের মোঃ আলীহিমের ছেলে তুহিন মিয়ার সাথে। প্রায় সাড়ে ৮লক্ষ টাকা নিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে ভুয়া নিয়োগ পত্র দেওয়ার অভিযোগ উঠেছে গয়েশপুর গ্রামের মৃত দুলুর ছেলে সাবেক সেনা সদস্য শাহাবুলের বিরুদ্ধে।

তুহিন মিয়া অভিযোগ করে বলেন, ২০১৯ সালে সেনা সদস্য শাহাবুল আমার বাড়িতে আসে এবং আমাকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে চাকরি দিবে বলে আমার নিকট ১০লক্ষ টাকা দাবি করে। আমার পারিবারিক অবস্থা তেমন ভালো না হওয়ায় আমি টাকা দিতে অপারাগত জানাই।

এক পর্যায়ে আমি সাত লক্ষ টাকা দেওয়ার কথা বললে তিনি বলেন সাড়ে ৮লক্ষ দিলে আমি চাকরি দিতে পারবো। আমি নগদ টাকা দিতে চাইলে তিনি বলেন, আমি নগদ টাকা নিবো না ব্যাংকের মাধ্যমে মের্সাস রাব্বি টের্ড্রাসের এ্যাকাউন্ট নাম্বারে টাকা পাঠিয়ে দিতে হবে।

আমি তিনার কথা মত ২৬ই ডিসেম্বর ২০১৯সালে ইসলামী ব্যাংক জীবননগর শাখায় এজেন্ট ব্যাংকিং যার একাউন্ট নাম্বার-২০৫০৭৭৭০১০০১৭৫০০২তে ২ লক্ষ ৪০ হাজার টাকা দেওয়া হয়। পরবর্তীতে ৫ ফেব্রয়ারী ২০২০ সালে একই এ্যাকাউন্ট নাম্বারে ৫ লক্ষ ৭০ হাজার জমা দেওয়া হয়।

টাকা দেওয়া শেষ হলে আমার কোন পরীক্ষা নিরীক্ষা বাদেই তিনি আমাকে গত ১ মার্চ ২০২০সালে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে যোগদানের জন্য একটি যোগদান পত্র আমার হাতে ধরিয়ে দেয় যার স্বারক নাম্বার-০৫,০১.৭৮০০০.৪১.০০৪.২০, আমি যোগদান করার জন্য অফিসে গেলে অফিস থেকে বলে এটা ভুয়া যোগদান পত্র।

আমি বিষয়টি বললে, তিনি আমাকে ঢাকা শহরের একটি ৭তলা বাড়িতে নিয়ে যায় এবং সেখানে আমার সমস্থ কাগজপত্র কেড়ে নিয়ে চলে যায়।

এক পর্যায় আমি বাড়ি এসে টাকা ফেরত চাইলে তিনি আমার টাকা ফেরত না দিলে আমি থানায় একটি লিখিত অভিযোগ করি। আমি অভিযোগ দেওয়ার পরেই তিনি আমার টাকা ফেরত না দিয়ে উল্টো আমার নামে মিথ্যা মামলা করেছে আমি জমি বিক্রি করে টাকা দিয়েছি এখন আমি নিস্ব হয়ে পড়েছি।

স্থানীয় সূত্রে জানা গেছে, শাহাবুল সাবেক সেনা সদস্য এবং গয়েশপুর গ্রামের মেম্বর ইসরাফিল হক ফুকুর ভাই হওয়ার ফলে ক্ষমতার দাপট দেখিয়ে এলাকার বেকার যুবকদের চাকরি দেওয়ার নাম করে তাদের নিকট থেকে প্রতারণা করে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে। এরা অনেকে জমি, গরু, গহনা বিক্রি করে টাকা দিয়েছে কিন্তু এখন আর টাকা ফেরত দিচ্ছে না, বরং টাকা চাইলে মিথ্যা মামলা ও হামলা দিয়ে হয়রানি করছে এই প্রতারকের শাস্তি হওয়া দরকার।

তথ্যনুসন্ধানে জানা গেছে, শুধু তুহিন নয় সাবেক সেনা সদস্য শাহাবুল জীবননগর উপজেলার গয়েশপুর গ্রামের বাবলুর ছেলে ইমন।

বাঁকা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান রবিউল ইসলামের ছেলে মেহেদী হাসান, বাঁকা গ্রামের শিপন এবং শাখারিয়া গ্রামের মৃত কামাল মেম্বরের ছেলে ঐতিকসহ উপজেলার বেশ কয়েকজন বেকার যুবকের চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে। তার কাছে টাকা ফেরত চাইলে সে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করে থাকে।

সরেজমিনে দেখা গেছে, সাবেক সেনা সদস্য বেকার যুবকদের চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিজ গ্রাম গয়েশপুরে গড়ে তুলেছেন আলীশান বাড়ি। আর তার প্রতারণার শিকার হয়ে বেকার যুবকরা দিন কাটাচ্ছে গাছ তলায় শুয়ে।

এদিকে এই প্রতারকের শাস্তির দাবি করেছেন এলাকার স্থানীয় সুধী ও ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

অভিযুক্ত সাবেক সেনা সদস্য শাহাবুলের সাথে কথা বলার জন্য বাড়িতে গেলে তিনি সাংবাদিকের কথা শুনে বাড়ি থেকে পালিয়ে যান পরবর্তীতে মুটোফোনে যোগাযোগ করার চেস্টা করা হলে ফোনটি রিসিভ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি।

৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন বলেন,

সাবেক সেনা সদস্য শাহাবুলের বিরুদ্ধে এলাকার কয়েকজন বেকার যুবকদের চাকরি দেওয়ার নাম করে টাকা নেওয়ার অভিযোগ আছে এ বিষয়ে একাধীকবার বসার সিদ্ধান্ত হলেও শাহাবুল সময় দিয়ে শেষ মেষ আর বসে না।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, সাবেক সেনা সদস্যর বিরুদ্ধে চাকরি দেওয়ার নাম করে ভুয়া যোগদান পত্র দেওয়া হয়েছে এবং মোটা অংকের টাকা নেওয়ার একটি অভিযোগ পাওয়া গেছে তবে বিষয়টি তদন্ত করা হচ্ছে তদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে সিএনজি-আলমসাধু মুখোমুখী সংঘর্ষে আহত-৪

জীবননগরে সিএনজি আলমসাধু মুখোমুখী সংঘর্ষে ৪জন আহত দুই জন যশোর সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬টার সময় জীবননগর উপজেলার বাঁকা ব্রিক ফিল্টের সামনে এ দুর্ঘটনা ঘটেছে।

এ ঘটনায় আহত হয়েছেন বাঁকা গ্রামের ইন্তাজ আলীর স্ত্রী জাহানারা বেগম (৫০), সীমান্ত ইউনিয়নের মেদিনীপুর গ্রামের আজিবারের স্ত্রী আরজিনা খাতুন (৪৫), সমহেশপুর উপজেলার জলিলপুর গ্রামের আমজাদ আলীর ছেলে আলমসাধু ড্রাইভার মিরাজ আলী (৫০) এবং জীবননগর পৌর সভার আশতলা পাড়ার মৃত ইসমাইলের ছেলে সিএনজি ড্রাইভার আশাদুল হক(৫০)।

স্থানীয় সূত্রে জানা গেছে, জীবননগর থেকে ছেড়ে যাওয়া সিএনজি এবং হাসাদহ থেকে ছেড়ে আসা আলমসাধু বেশি গতিতে আসছিল এমন সময় বাঁকা ব্রিক ফিল্টের নিকট পৌঁছালে দুই গাড়ির মুখোমুখী সংঘর্ষ হয়।

এ সময় গাড়িতে দুই যাত্রী এবং দুই ড্রাইভার গুরুত্বর আহত অবস্থায় রাস্তায় পড়ে যায়। স্থানীয় জনগণ তাদের উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

এদিকে আহতদের মধ্যে দুই গাড়ির ড্রাইভারের অবস্থা আশস্কজনক হওয়ায় তাদের উন্নত চিকিৎসার জন্য যশোর সদর হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. মাহমুদ বিন হেদায়েত সেতু বলেন, সিএনজি এবং আলমসাধুর সংঘর্ষে আহতদের মধ্যে দুই জনের আবস্থা আশস্কজনক হওয়ায় তাদের প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিকিৎসার জন্য যশোর সদর হাসাপাতালে রেফার্ড করা হয়েছে। আর দুই জনকে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হচ্ছে। তারা এখন আশঙ্কা মুক্ত।

ঝিনাইদহে বাসের ধাক্কায় ভ্যান চালক নিহত

ঝিনাইদহ শহরের পবহাটি কলাহাট এলাকায় বাসের ধাক্কায় করিম মোল্লা
(৫৫) নামের এক ভ্যানচালক নিহত হয়েছে। মঙ্গলবার সকালে এ দুর্ঘটনা ঘটে। নিহত করিম মোল্লা সদর উপজেলার বেড়াদি গ্রামের মৃত ইয়ামিন মোল্লার ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, বেড়াদি গ্রামের ভ্যানচালক করিম মোল্লা সকালে কলা নিয়ে বাইসাইকেল যোগে শহরের কলার বাজারে আসছিলেন।

পথে বাজারের পাশে পৌঁছালে কুষ্টিয়া থেকে ফরিদপুরগামী রাসেল পরিবহণের একটি বাস তাকে ধাক্কা দিয়ে রাস্তার পাশে ফেলে যায়।

সেখান থেকে তাকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। এ ঘটনায় বাসটি আটক করলেও চালক পালিয়ে গেছে।

ঝিনাইদহে বিশ্বসাহিত্য কেন্দ্রের পুরস্কার বিতরণ

ঝিনাইদহে বিশ্বসাহিত্য কেন্দ্রের আয়োজনে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরষ্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে শহরের হার্ভাড স্কুল এন্ড কলেজ মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানটির অধ্যক্ষ আব্দুর রহিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান।

বিশ্বসাহিত্য কেন্দ্র ঝিনাইদহ ইউনিট এর ইনচার্জ আলমগীর হোসেন এর পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিন, টিআইবি’র সংগঠক সুরাইয়া পারভীন মলি, কবি গুলজার হোসেন গরিব।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে অনলাইন সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করা হয়। পরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

কিশোর সন্তানদের নজরে রাখুন

আমাদের সমাজে মায়ের পরে একটি মানুষকে সবচেয়ে নিরাপদ স্থান মনে করা হয়, তিনি হলেন ফুফু অর্থাৎ বাবার বোনকে। ফুফুর মত করে নিকট আত্মিয়দের মধ্যে আর কেউ বেশি ভালবাসে না। পরিবার, সমাজ ও মুরব্বীদের সাথে বিভিন্ন সময় আলাপকালে এ ধরণের কথা শুনতে পাওয়া যায়।

তবে আমার এ লেখা পড়ে অনেকেই দ্বিমত বা দ্বিখণ্ডিত মতামত তুলে ধরতে পারেন। সে ধরণের কোন তর্কে আমি যাব না। হয়তো চাচি, খালা,

মামি, বোন অনেক সম্পর্ক নিয়ে অনেকেই কথা তুলতে পারেন। তবে আমি তুলনা করছি মোটামোটি মানুষের সাথে বিভিন্ন সময় কথা বলার পর।

আমার এ লেখার মধ্যে ফুফু নামক শব্দটি টানার পেছনে একটি কারণ রয়েছে। গতকাল মঙ্গলবার ‘মেহেরপুর প্রতিদিন’ এর একটি সংবাদ শিরোনাম থেকে আমি চোখ সরাতে পারিনি। শিরোনাম টি ছিল “ভাবিকে শিক্ষা দিতে ভাতিজিকে হত্যা”। শিশুটিকে হত্যা করেছে তার আপন ফুফু। শুনে অবাক হওয়ার মত। তবে অবাক করার থেকে ভাবনার বিষয়টি হলো যে, ফুফু এই হত্যাকাণ্ড ঘটিয়েছে সে ফুফু হতে পারেনি। ৮ম শ্রেণী পড়ুয়া একটি মেয়ে ভাইয়ের মেয়ের কাছে এখনো ফুফু হতে পারেনি। সে প্রতিপক্ষ বা প্রতিযোগী হয়েছে। হয়তো পারিবারিক নানা কারণে।

সংবাদে প্রকাশ হত্যাকারী মেয়েটি এবং মেয়েটির মায়ের সাথে নিস্পাপ ওই শিশুর মায়ের পারিবারিক দ্বন্দ¦। অর্থাৎ আমাদের সমাজে যেটি হয়ে থাকে। শাশুড়ি-বউয়ের দ্বন্দ¦। সেই দ্বন্দে¦ মাঝে ঘি ঢালে ননদ নামের ওই মেয়েটি। সেই দ্বন্দে¦র জের ধরে অবুঝ ওই কিশোরী ফুসলিয়ে শিশুটির সাথে খেলার ছলে ভুগিয়ে শিশুটিকে শ্বাসরোধ করে হত্যা করেছে পুলিশের প্রাথমিক তদন্তে সেটি প্রতিয়মান হয়। ভাবিকে শাস্তি দিতেই সে এমনটি করেছে বলে স্বীকারও করেছে।

আমার এ লেখাটির পেছনে একটি কারণ। ৮ম শ্রেণীর একটি কিশোরী বা টিএনএজার। এরা সাধারণত অস্থির। কোন কিছুই মেনে নিতে পারেনা। অস্থিরতার বশবর্তি হয়ে বড় ধরণের অপরাধও করতে দ্বিধাবোধ করেনা। অপরাধবোধ বিষয়টি হয়তো তার জ্ঞানের পরিধিকে কাভার করে না। টেলিভিশন ও সংবাদপত্রগুলোতে মাঝে মাঝে এমন খবর পাওয়া যায়। কিশোররা অপরাধ প্রবণ হয়ে উঠছে, তাদের মধ্যে অস্থিরতা কাজ করছে।

এসময়ে আমাদের উচিত আমাদের ভাই, বোন, সন্তান এমনকি প্রতিবেশী কিশোর-কিশোরীদের নজরে রাখার। তাদের সাথে বন্ধুত্বসুলভ আচরণ করে তাদের অস্থিরতা কাটানোর সময় এসেছে। একটু সচেতন হলেই ওই সকল কিশোর-কিশোরীরাও জীবনের মূল্যবোধ খুঁজে পেতে পারে। আমরা সকলেই কি তাদের নজরে নিয়ে আসার একটু চেষ্টা করতে পারিনা। হয়তো আমাদের ছোট এই সচেতনতায় একটি সুন্দর সমাজ গড়ে উঠতে পারে ?

আলমডাঙ্গার ডাউকি ইউপির উপনির্বাচনে নৌকার প্রার্থী তরিকুলের জয়

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়ন পরিষদের উপনির্বাচনে নৌকা প্রতীকের প্রার্থী তরিকুল ইসলাম জয়ী হয়েছেন। তিনি ৪৮৩৪ ভোট পেয়েছেন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী নাজমুল হুসাইন আনারস প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ৪০২৫ টি।

এছাড়া অপর প্রতিদ্বন্দ্বী চেয়ারম্যান প্রার্থীদের মধ্যে স্বতন্ত্র প্রার্থী আব্দুল কাদের রানা ঘোড়া প্রতীক নিয়ে ভোট পেয়েছেন ৮৩৭ টি, ধানের শীষ প্রতীক নিয়ে ইউনুছ আলী পেয়েছেন ৭২৪ ভোট ও মোটরসাইকেল প্রতীক নিয়ে নিজাম উদ্দিন পেয়েছেন ২০৪ ভোট।

রিটার্নিং অফিসারের কার্যালয় সূত্রে জানা গেছে, ইউনিয়নের ৯ টি কেন্দ্রে মোট ভোটারের সংখ্যা ১৪ হাজার ৯শ ২০ জন। এরমধ্যে ১০ হাজার ৮শ ৩০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। বাতিল হয়েছে ১শ ৩ টি ভোট।

কেন্দ্রভিত্তিক ফলাফলে জানা গেছে, ডাউকি বশিরা মালিক মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ২২শ ৪ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ১শ ৫০টি ভোট, আনারস প্রতীক পেয়েছে ১৫শ ৭৭ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ১৬ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ১৯ ভোট ও নিজাম উদ্দিনের মোটরসাইকেল প্রতীক পেয়েছে ৬ ভোট।

পোয়ামারী সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ৭৬২ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ২০৯ ভোট, আনারস প্রতীক পেয়েছে ৩৬০ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৯ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ৫ ভোট ও মোটরসাইকেল প্রতীক পেয়েছে ৬টি ভোট।

বাদেমাজু সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ২০০০ ভোটের মধ্যে নৌকা প্রতীক ভোট পেয়েছে ৪৫১ টি, আনারস প্রতীক পেয়েছে ৬৯৬ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ১০৭ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৬৫ ভোট ও মোটরসাইকেল প্রতীক ভোট পেয়েছে ২০টি।

বাদেমাজু বাদল স্মৃতি একাডেমী কেন্দ্রে ২৪৪৬ ভোটের মধ্যে নৌকা

প্রতীক পেয়েছে ৬৩৫ ভোট, আনারস প্রতীক পেয়েছে ২১৯ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ৪৫৫ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৩২৩ ভোট ও মোটরসাইকেল প্রতীক ভোট পেয়েছে ১৮টি।

বকশিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ১৮৩৯ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ৯২৩ ভোট, আনারস প্রতীক পেয়েছে ১৮৯ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ২৮ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ১১৫ ভোট ও মোটরসাইকেল প্রতীক ভোট পেয়েছে ৩টি।

বকশিপুর দাখিল মাদ্রাসা কেন্দ্রে ৮৯৮ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ৩৫০ ভোট, আনারস প্রতীক পেয়েছে ২০১ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ৯৮ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৩৬ ভোট ও মোটরসাইকেল প্রতীক পেয়েছে ৪ ভোট।

ছত্রপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ২২৫২ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ৫৭৮ ভোট, আনারস প্রতীক পেয়েছে ৫৭৯ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ৫৬ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৬৯ ভোট ও মোটরসাইকেল প্রতীক পেয়েছে ১৪১ ভোট।

মাজু সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ১২৫৮ ভোটের মধ্যে নৌকা প্রতীক পেয়েছে ৫৬০ ভোট, আনারস প্রতীক পেয়েছে ১৬৮ ভোট, ঘোড়া প্রতীক পেয়েছে ৬৭ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ৬৯ ভোট ও মোটরসাইকেল প্রতীক পেয়েছে ৫ ভোট।

মাধবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে ১২৬৫ ভোটের মধ্যে নৌকা প্রতীক ভোট পেয়েছে ৯৭৮ ভোট, আনারস প্রতীক ভোট পেয়েছে ৩৬টি, ঘোড়া প্রতীক পেয়েছে ৫ ভোট, ধানের শীষ প্রতীক পেয়েছে ১৯ ভোট ও মোটরসাইকেল প্রতীক পেয়েছে ১ ভোট।

দর্শনার হিমেল আবাসিক হোটেলে অসামাজিক কার্যকলাপ অবস্থায়

বিজিবি সদস্য সহ যুবতী আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনার হিমেল আবাসিক হোটেলে অসামাজিক কার্যকলাপে লিপ্ত অবস্থায় একজন বিজিবি সদস্য সহ একজন যুবতী মেয়েকে আটক করা হয়েছে।

পুলিশ জানায় গতকাল বিকাল সাড়ে ৪ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার ওসি মাহাবুবুর রহমান কাজল এর নির্দেশে এস আই জাকির এবং সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনার হিমেল আবাসিক হোটেলে অভিযান চালিয়ে ৩০২ নাম্বার রুম থেকে অসামাজিক কার্যকলাপ অবস্থায় একজন বিজিবি সদস্য এবং একজন যুবতী মেয়েকে আটক করা হয়।

জানা গেছে, কুষ্টিয়া মিরপুরের ৪৭ বেটেলিয়ান এর বিজিবি মোঃ সোহেল রানা (৩৮) গ্রাম সেগুনা থানা বেলকুচি জেলা সিরাজগঞ্জ, পিতা মৃত বদিউজ্জামান এর ছেলে।

আটককৃত বিজিবি মোঃ সোহেল রানার লাঃ নাঃ ৬৪২৮৫ এবং আটককৃত মেয়ের নাম হেনা খাতুন (২৩) গ্রাম সিংদিয়া জেলা ও থানা নড়াইল পিতা মোঃ শফিকুল এর মেয়ে।

আটকৃত হেনা খাতুন জানায় ফেসবুকের মাধ্যমে তাদের প্রেম হয় এবং ভিক্টোরিয়া কলেজের ৩য় বর্ষে পড়াশুনা করছে। পুলিশ জানায় তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে জাতীয় স্যানিটেশন মাস উপলক্ষে র্যালি

‘উন্নত স্যানিটেশন নিশ্চিত করি, করোনাভইরাস মুক্ত জীবন গড়ি’- এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় স্যানিটেশন মাস।

গতকাল সোমবার বেলা ১২ টার সময় মেহেরপুর পৌরসভার উদ্যোগে তৃতীয় নগর পরিচালনা ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের সহযোগিতায়

একটি রালি বের হয়।

মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে এ র্যালিটি পৌরসভা চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে পৌরসভা চত্বরে সংক্ষিপ্ত আলোচনা সভায় বক্তব্য রাখেন, পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, আব্দুল্লাহ আল মামুনসহ পৌর কর্মকর্তাগন। এ সময়ে পৌরসভার সকল কর্মচারী কর্মকর্তাগণ বর্ণাঢ্য র্যালিতে অংশগ্রহণ করেন।

আগামী ডিসেম্বরের মধ্যেই মুক্তিযোদ্ধাদের চুড়ান্ত তালিকা প্রকাশ করা হবে- আ ক ম মোজাম্মেল হক

করোনার কারনে আমরা সঠিক সময়ে মুক্তিযোদ্ধাদের তালিকা প্রকাশ করতে পারিনি। আমাদের যাচাই বাছাই প্রায় সম্পুর্ণ। আমরা আশাবাদী আগামী ১৬ ডিসেম্বরের মধ্যেই মুক্তিযোদ্ধাদের চুড়ান্ত তালিকা প্রকাশ করতে পারবো। মঙ্গলবার সকালে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক । পরে প্রস্তাবিত মুজিবনগর স্মৃতিকেন্দ্র স্থাপন বিষয়ক পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করেন।

এসময় তিনি আরও বলেন, আগের তালিকা থেকে ৫/৭% বাদ পরতে পারে এবং নতুন করে কিছু সংযোজন হতে পারে। সেই সাথে যারা এ তালিকা থেকে বাদ যাবে তাদের আপিল করারও সুযোগ থাকবে। আমরা আগামী জানুয়ারী মাসের মধ্যে মুক্তিযোদ্ধাদের নির্বাচন করার জন্য প্রস্তুতি নিয়েছি। আর সে অনুযায়ী নির্বাচন কমিশনও গঠন করা হয়েছে।

মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক আরও বলেন, মুজিবনগরে স্মৃতিকেন্দ্র স্থাপনের জন্য আজকে জায়গা পরিদর্শন করবো। জমি অধিগ্রহণের জন্য আলোচনার ভিত্তিতে মুজিবনগর বাসীর চিন্তা করে সিদ্ধান্ত নেওয়া হবে কিভাবে কি করা যায়। তাছাড়া লেক কোথায় হবে, রাইডস কোথায় বসানো হবে সেকল কিছুর ম্যাপ আমাদের তৈরি করা হয়েছে। মূলত সেগুলো সরেজমিনে পরিদর্শন করে ও জনগনের সাথে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেয়া হবে। আগামী ১০ দিনের মধ্যে যাতে আমরা চুড়ান্ত তালিকা তৈরি করে ১ তারিখের মধ্যে তালিকা প্লানিং কমিশনে পাঠাতে পারি সেই প্রস্তুতি নিয়ে কাজ করছি।

এসময় উপস্থিত ছিলেন সাংস্কৃতিক বিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমান সরকার সাংস্কৃতিক বান্ধব সরকার। ইতিমধ্যে আমরা ১২ হাজার সাংস্কৃতিক কর্মিকে অনুদান দিয়েছি। কোভিড-১৯ এর পরবর্তী পর্যায়ে আমরা সারা দেশে স্বাস্থ্যবিধি মেনে সাংস্কৃতিক অঙ্গন চালু করার উদ্যোগ নিয়েছি। সব মিলিয়ে আমরা সর্বাত্মক চেষ্টা করছি আমাদের সংস্কৃতির পূর্বের অবস্থায় ফিরিয়ে নিয়ে যেতে।

মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মুজিবনগর স্মৃতিকেন্দ্র স্থাপন বিষয়ক পর্যালোচনা সভায় অংশ নেন। সভায় বিশেষ অতিথি হিসেবে ভার্চ্যুয়াল কনফারেন্সে যোগদেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। এমসয় উপস্থিত ছিলেন, মুক্তিযোদ্ধা মন্ত্রালয়ের সচিব তপন কান্তি ঘোষ,খুলনা বিভাগীয় কমিশনার ড.মুঃ আনোয়ার হোসেন, স্থাপনা অধিদপ্তরের তত্ত্বাবধায়ক আসিফুর রহমান ভুঁইয়া, মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলী, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এমএ খালেক, যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট ইব্রাহীম শাহিন,পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রমুখ। মেপ্র/এমএফআর

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। তারা সকলেই মেহেরপুর সদরের বাসিন্দা।

সোমবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৪ জনের নমুনা পরীক্ষায় রিপোর্টের মধ্যে নেগেটিভ আসে ১২ জনের। আর পজেটিভ আসে ২ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট ফলাফল এসেছে ৪৩৭৬ টি, সর্বমোট পজিটিভ ৬৪৪ জন, মৃত্যু ১৬, ট্রান্সফার্ড ৫১ জন। বর্তমানে আক্রান্ত রয়েছেন ২০ জন । এদের মধ্যে সদরে-৯ জন, মুজিবনগরে-৮ জন এবং গাংনীতে ৩ জন। সুস্থ হয়েছেন= ৫৫৭ জন।এদের মধ্যে সদর-২৯১, গাংনী-২০৫, মুজিবনগর- ৬১ জন।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্ত ব্যক্তিরা হলেন- শহরের চক্রপাড়ার ইদ্রিস আলী (৩৫) ও কোর্টপাড়ার আবু বকর (৪৯)।